

# 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৫

২. সুনাহ (کتاب السنة)

পরিচ্ছেদঃ ৩) নেকীর কাজ চালু করার প্রতি উদ্বুদ্ধকরণ, যেন তার অনুসরণ করা হয়। আর অনুসৃত হওয়ার আশংকায় পাপের কাজ চালু করার প্রতি ভীতি প্রদর্শন

الترغيب في البداءة بالخير ليستن به والترهيب من البداءة بالشر خوف أن يستن به

### আরবী

) (حسن صحيح) عن واثلة بن الأسقع رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ سَنَّ سُنَّةً حَسَنَةً فَلَهُ أَجْرُهَا مَا عَمِلَ بِهِ فِي حَيَاتِهِ وَبَعْدَ مَمَاتِهِ حَتَّى يَتْرُكَ، وَمَنْ سَنَّ سُنَّةً سَيِّئَةً فَعَلَيْهِ إِثْمُهَا حَتَّى يَتْرُكَ، وَمَنْ مَاتَ مُرَابِطًا فِي سَبِيلِ اللَّهِ جَرَى لَهُ أَجْرُ الْمُرَابِطِ حَتَّى يُبْعَثَ يَوْمَ الْقِيَامَةِ . رواه الطبراني في الكبير

#### বাংলা

৬৫. (হাসান সহীহ্) ওয়াছেলা বিন আসকা (রাঃ) থেকে বর্ণিত। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

"যে ব্যাক্তি উত্তম রীতি চালু করে, যে পর্যন্ত সে অনুযায়ী আমল হবে তার জীবদ্দশায় ও মৃত্যুর পরেও সে অনুযায়ী সে তার প্রতিদান পাবে, যে পর্যন্ত সে কাজ পরিত্যাক্ত না হয়। আর যে ব্যাক্তি মন্দ কাজ চালু করবে সে উহা পরিত্যাক্ত না হওয়া পর্যন্ত তার পাপের ভাগি হতে থাকবে। আর যে ব্যক্তি মুসলিম দেশের সীমানা পাহারারত অবস্থায় মৃত্যুবরণ করবে, সে পাহারত (জীবিত) মুজাহিদের বরাবর প্রতিদান পেতে থাকবে এবং তা (কিয়ামতের দিন) পূণরুখান পর্যন্ত।"

(ত্বাবরানী স্বীয় কাবীর গ্রন্থে মোটামুটি গ্রহণযোগ্য সনদে হাদীছটি বর্ণনা করেছেন ১৮৪)

#### হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা' (রাঃ)

## 🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন